

অষ্টম অধ্যায় সেবা পরিদপ্তর

ভূমিকাঃ

বাংলাদেশের নার্সিং ব্যবস্থাপনা এবং সার্বিক উন্নয়নের লক্ষ্যে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন সংযুক্ত দপ্তর হিসাবে ১৯৭৭ সালে সেবা পরিদপ্তর গঠিত হয়। দেশে হাসপাতালের শয্যা সংখ্যা বৃদ্ধিসহ নতুন নতুন হাসপাতাল স্থাপন এবং স্বাস্থ্য সেবার মান উন্নতির জন্য সেবা পরিদপ্তরের দায়িত্ব ও গুরুত্ব বৃদ্ধি পাচ্ছে। সেবা পরিদপ্তর সৃষ্টির পূর্ব হতে আজ পর্যন্ত সেবা পরিদপ্তরের আওতাধীনে বিভিন্ন ক্যাটাগরির ১৭,৭৮৮টি নার্সিং এবং ১২৪৭টি নন-নার্সিং পদ সৃজন করা হয়েছে। ১৭,৭৮৮টি নার্সিং পদের মধ্যে ১৬৬টি প্রথম শ্রেণীর, ১৬,২৪৭টি ২য় শ্রেণীর, ১৩৭৫টি ৩য় শ্রেণীর পদ এবং ১২৪৭টি নন-নার্সিং পদের মধ্যে ০৬টি প্রথম শ্রেণীর, ২০টি ২য় শ্রেণীর, ৩৫৮টি ৩য় শ্রেণীর এবং ৮৬৩টি চতুর্থ শ্রেণীর পদ বিদ্যমান। বাংলাদেশ নার্সিং কাউন্সিলের তথ্য অনুযায়ী দেশে বর্তমানে নার্সের সংখ্যা ২৮,৭৯৩ জন। মোট ১৫০৭৪ জন নার্স সরকারি প্রতিষ্ঠানে, প্রায় ১০,০০০ জন নার্স দেশে অবস্থিত বিভিন্ন বেসরকারি হাসপাতালে এবং ১১০০ নার্স বিদেশে কর্মরত আছে। তন্মধ্যে সরকারিভাবে ১২০ জন নার্স বিদেশে লিয়েনে কর্মরত আছে। অতি সম্প্রতি দেশে বিদ্যমান নার্সিং কলেজ ও নার্সিং ইনস্টিটিউটের জন্য ১০৫টি প্রথম শ্রেণীর, ৬৫৬টি ২য় শ্রেণীর পদ সৃজিত হয়েছে, তন্মধ্যে ১০১জন নার্সকে ২য় শ্রেণী থেকে প্রথম শ্রেণীর পদে এবং ৬০ জন নার্সকে ৩য় শ্রেণী থেকে ২য় শ্রেণীর পদে চলতি দায়িত্বে পদায়নসহ ১৭১ জন সহকারী নার্সকে সিনিয়র স্টাফ নার্স পদে পদোন্নতি প্রদান করা হয়েছে।

দেশে সরকারি পর্যায়ে ৪৪টি নার্সিং ইনস্টিটিউট (০১টি আর্মড ফোর্সেসসহ) এবং ৩৯টি বেসরকারি নার্সিং ইনস্টিটিউট বিদ্যমান আছে। এ ইনস্টিটিউটসমূহে ০৩ বছর মেয়াদি ডিপ্লোমা ইন নার্সিংসায়েন্স এ্যান্ড মিডওয়াইফারি কোর্স চালু আছে। ঢাকা বিশ্ববিদ্যালয়, রাজশাহী বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় এবং সিলেট শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অধীনে ১১টি সরকারি নার্সিং কলেজ (০৭টি বেসিক এবং ০৪টি পোস্ট বেসিক) এবং ২১টি বেসরকারি নার্সিং কলেজ (১২টি বেসিক এবং ০৯টি পোস্ট বেসিক) বিদ্যমান, যার মধ্যে বেসরকারি ০৬টি নার্সিং কলেজ বর্তমানে বন্ধ আছে। বিদ্যমান এ সকল নার্সিং কলেজের মধ্যে ১৫টি (০৭টি সরকারি এবং ০৮টি বেসরকারি) নার্সিং কলেজে ০৪ বছর মেয়াদি বেসিক বিএসসি ইন নার্সিং কোর্স চালু আছে। দেশে নার্সিং শিক্ষক, নার্সিং প্রশাসক এবং নার্সিং ব্যবস্থাপক এর চাহিদা মেটাতে ১১ টি (সরকারি ০৪টি এবং বেসরকারি ০৭টি) পোস্ট বেসিক নার্সিং কলেজে ০২ বছর মেয়াদি বিএসসি ইন নার্সিং এবং বিএসসি ইন পাবলিক হেলথ কোর্স চালু রয়েছে।

জনগণের স্বাস্থ্যের উন্নতি এবং শিশু-মাতৃ মৃত্যু হার কমানোর জন্য সেবা পরিদপ্তর কাজ করছে, যা MDG 4 এবং 5 অর্জনে সরাসরি সহায়তা করছে। মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষণা মোতাবেক ৩০০০ মিডওয়াইফ পদ সৃষ্টির পদক্ষেপ এবং দেশে ০৩ বছর মেয়াদি ডিপ্লোমা ইন মিডওয়াইফারি কোর্স চালু করার পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।

বিশ্বস্বাস্থ্য সংস্থার প্রটোকল অনুসারে দেশে ডাক্তার ও নার্সের অনুপাত হওয়া উচিত ৩ : ১। কিন্তু দেশে বর্তমানে ডাক্তার ও নার্সের অনুপাত ২ : ১ এবং জনসংখ্যা ও নার্সের অনুপাত ৫২৯১ : ১। বর্তমানে নার্স ও শয্যা সংখ্যার অনুপাত ১ : ১৩, মর্নিং শিফটে ডাক্তার ও নার্সের অনুপাত ২ : ১। আন্তর্জাতিক মান অনুসারে প্রতি শিফটে সাধারণ

বেডে নার্স ও রোগীর অনুপাত ১ : ৪ এবং স্পেশালাইজড বেডে নার্স রোগীর অনুপাত ১ : ১ হওয়া উচিত। হেলথ ওয়াচ রিপোর্ট, ২০০৭ অনুসারে দেশে এখনও ১ লক্ষ ৮৭ হাজার নার্সের ঘাটতি রয়েছে।

২০১৬ খ্রিঃ নাগাদ দেশে রেজিস্টার্ড নার্সের সংখ্যা ৪০,০০০ এ উন্নীত করার জন্য নতুন ১১টি নার্সিং ইনস্টিটিউট ও ১৫টি নার্সিং কলেজ নির্মাণ করার পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। দেশে অভিজ্ঞ নার্সের ঘাটতি মেটানোর জন্য বিদেশে বিভিন্ন বিষয়ে স্পেশালাইজেশন কোর্সসহ প্রতি বছর ৫০ জন নার্সের এমএসসি ইন নার্সিং কোর্স এবং প্রতি বছর ০৫ জন নার্সের পিএইচডি ইন নার্সিং কোর্সের সংস্থান রাখা হয়েছে। দেশে এমএসসি ইন নার্সিং কোর্স চালু করার জন্য ঢাকার শেরেবাংলা নগরে একটি নার্সিং কলেজ নির্মাণ কাজ শুরু করা হয়েছে। সরকারি হাসপাতালে রোগীর অবস্থান সংক্ষিপ্ত করার উদ্দেশ্যে এভিডেন্স বেজড নার্সিং প্র্যাকটিস চালু করার জন্য প্রশিক্ষণ কার্যক্রম শুরু করা হয়েছে। পাশাপাশি দক্ষ মানব-সম্পদ গড়ে তোলার লক্ষ্যে দেশে ও বিদেশে স্বল্প মেয়াদি প্রশিক্ষণের সুযোগ সৃষ্টি করা হয়েছে।

কর্মপরিধিঃ

সেবা পরিদপ্তর এর মূল লক্ষ্যঃ

সকল সরকারি হাসপাতাল এবং নার্সিং শিক্ষা প্রতিষ্ঠানে নার্সিং জনবলের নিয়োগ, বদলী, পদোন্নতি এবং প্রশিক্ষণের মাধ্যমে হাসপাতালে রোগীর সেবার মান নিশ্চিত করা।

সেবা পরিদপ্তরের মূল কার্যাবলীঃ

- ১) স্বাস্থ্যসেবার মান উন্নয়নের লক্ষ্যে সরকার কর্তৃক গৃহীত পরিকল্পনা ও নীতিমালা প্রণয়নে নার্সিং সংক্রান্ত বিষয়ে পরামর্শ/সহযোগিতা প্রদান ও এর বাস্তবায়ন নিশ্চিত করা
- ২) জনসংখ্যার চাহিদা মোতাবেক প্রয়োজনীয় সংখ্যক নার্স তৈরির জন্য নার্সিং ইনস্টিটিউট ও নার্সিং কলেজ প্রতিষ্ঠা ও পরিচালনা করা
- ৩) সকল সরকারি নার্সিং ইনস্টিটিউট, নার্সিং কলেজ, সকল সরকারি হাসপাতালের বিভিন্ন ক্যাটাগরির নার্স ও অন্যান্য শ্রেণীর পদ সৃজনের প্রস্তাব প্রেরণ ও সৃজনকৃত পদে নার্স নিয়োগ, পদায়ন ও পদোন্নতি প্রদান করা
- ৪) সরকারি হাসপাতালের সেবার মান এবং সকল সরকারি নার্সিং শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার মান উন্নয়নের লক্ষ্যে কর্মরত জনবলের প্রয়োজনীয় প্রশিক্ষণ নিশ্চিত করা
- ৫) সেবা পরিদপ্তরের আওতাধীন বিভিন্ন প্রতিষ্ঠানের বাজেট প্রণয়ন এবং বরাদ্দ প্রদান; নিয়োগবিধির সংশোধন/প্রণয়ন, কর্মরত সকল জনবলের বদলি, বেতনভাতা, ছুটি, অবসর, পেনশন ইত্যাদি নিশ্চিত করা
- ৬) শিক্ষার মান উন্নত করার জন্য কারিকুলাম সংশোধন/প্রণয়ন, নার্সিং ইনস্টিটিউট ও কলেজের অবকাঠামো সম্প্রসারণ ও রক্ষণাবেক্ষণ, নার্সিং ইনস্টিটিউটসমূহ কলেজে উন্নতীকরণ এবং শিক্ষকদের জন্য উন্নতমানের দেশি-বিদেশি প্রশিক্ষণ নিশ্চিত করে উন্নত মানব সম্পদে পরিণত করা
- ৭) সকল সরকারি নার্সিং ইনস্টিটিউট ও নার্সিং কলেজের ভর্তি ইচ্ছুক ছাত্র-ছাত্রী কেন্দ্রীয়ভাবে নির্বাচন করা
- ৮) সেবক/সেবিকাদের উত্তম কাজের স্বীকৃতি স্বরূপ স্বর্ণপদক ও সনদপত্র প্রদান করা।

সাংগঠনিক কাঠামো ও জনবলঃ

শ্রেণী	মঞ্জুরীকৃত পদের সংখ্যা			কর্মরত পদের সংখ্যা			শূন্য পদের সংখ্যা		
	নার্সিং	নন-নার্সিং	মোট	নার্সিং	নন-নার্সিং	মোট	নার্সিং	নন-নার্সিং	মোট
১ম শ্রেণী	১৬৬	০৬	১৭২	৮৫	০২	৮৭	৮১	০৪	৮৫
২য় শ্রেণী	১৬,২৪৭	২০	১৬,২৬৭	১৪,১৫২	০৭	১৪,১৫৯	২,০৯৫	১৩	২,১০৮
৩য় শ্রেণী	১,৩৭৫	৩৫৮	১,৭৩৩	৮৩৭	২০২	১,০৩৯	৫৩৮	১৫৬	৬৯৪
৪র্থ শ্রেণী	-	৮৬৩	৮৬৩	-	৬২০	৬২০	-	২৪৩	২৪৩
সর্বমোট	১৭,৭৮৮	১,২৪৭	১৯,০৩৫	১৫,০৭৪	৮৩১	১৫,৯০৫	২,৭১৪	৪১৬	৩,১৩০

সেবা পরিদপ্তরের কৌশলগত উদ্দেশ্য এবং প্রধান কার্যক্রমসমূহঃ

কৌশলগত মধ্যমেয়াদি উদ্দেশ্য	প্রধান কার্যক্রমসমূহ (Key Activities)
১	২
১. সরকারি হাসপাতালের সেবার মান উন্নত করার জন্য জনসংখ্যা অনুপাতে নার্সের পদ বৃদ্ধি করা।	<ul style="list-style-type: none"> ■ বিভিন্ন হাসপাতালে ০৯ টি সেবা তত্ত্বাবধায়ক, ০৭টি উপ-সেবা তত্ত্বাবধায়ক, ৪৮টি নার্সিং সুপারভাইজার ও ৫৩৭টি সিনিয়র স্টাফ নার্সের পদ সৃজন করা হয়েছে। ■ তিনটি নার্সিং কলেজে (খুলনা, বগুড়া ও ফৌজদারহাট-চট্টগ্রাম) মোট ৯৬টি ১ম শ্রেণীর শিক্ষকের পদ এবং ১২টি নার্সিং ইনস্টিটিউটে ৬০টি ২য় শ্রেণীর শিক্ষকের পদ সৃজন করা হয়েছে। ■ বিভিন্ন হাসপাতালে ৮০০ নার্সিং সুপারভাইজারের পদ সৃজনের প্রস্তাব মন্ত্রণালয়ে প্রক্রিয়াধীন আছে। ■ স্বাস্থ্যসেবার মান উন্নয়নের লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি অনুযায়ী ৫০০০ সিনিয়র স্টাফ নার্সের পদ সৃজনে জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে সম্মতি প্রদান করা হয়েছে। জনপ্রশাসন মন্ত্রণালয়ের উক্ত সম্মতির আলোকে বিষয়টি বর্তমানে অর্থ মন্ত্রণালয়ে প্রক্রিয়াধীন আছে।

কৌশলগত মধ্যমেয়াদি উদ্দেশ্য	প্রধান কার্যক্রমসমূহ (Key Activities)
১	২
<p>২. নার্সিং ইনস্টিটিউট ও নার্সিং কলেজের শিক্ষার মান আন্তর্জাতিক পর্যায়ে উন্নীত করার জন্য শিক্ষকদের পদ সৃজন ও শিক্ষামূলক আধুনিক যন্ত্রপাতি সরবরাহ করা।</p>	<ul style="list-style-type: none"> ■ সম্প্রতি ১০৫টি প্রথম শ্রেণী, ৬৫৬টি দ্বিতীয় শ্রেণীর পদ সৃজিত হয়েছে। তন্মধ্যে ১০১ জন নার্সকে প্রথম শ্রেণীর পদে চলতি দায়িত্বে পদায়ন করা হয়েছে। ৬০ জন নার্সকে দ্বিতীয় শ্রেণীর পদে চলতি দায়িত্বে পদায়ন করা হয়েছে। ১৭১ জন সহকারী নার্সকে সিনিয়র স্টাফ নার্স পদে পদোন্নতি প্রদান করা হয়েছে। ■ ৪৩টি নার্সিং ইনস্টিটিউট এবং ১১টি নার্সিং কলেজের জন্য ২০১০-১১ অর্থ বছরে ৪০০ কম্পিউটার, ৫০টি মাইক্রোসকোপ, ০৫টি মাল্টিমিডিয়া প্রজেক্টর, ৪৪টি রেফ্রিজারেটর, ১৪টি মাইক্রোবাস ও অন্যান্য যন্ত্রপাতি এবং উন্নত বিশ্বের বই সরবরাহ করা হয়েছে। ২০১১-১২ অর্থ বছরে ৪৩টি নার্সিং ইনস্টিটিউট ও ১১টি নার্সিং কলেজের জন্য ৪০টি ফটোকপিয়ার, ২০টি স্ক্যানার, ৪০টি ইলেকট্রিক মিটার, ১০০টি সাকার, ৭০টি এয়ার কন্ডিশনার, ১২৭টি মাল্টিমিডিয়া প্রজেক্টর, ১০৭টি ওভারহেড প্রজেক্টর ক্রয় করা হয়েছে।
<p>৩. বিভিন্ন হাসপাতাল ও নার্সিং শিক্ষা প্রতিষ্ঠানে নারীদের পদায়নের মাধ্যমে নারীদের কর্মসংস্থান করা।</p>	<ul style="list-style-type: none"> ■ বিভিন্ন সরকারি হাসপাতাল ও নার্সিং শিক্ষা প্রতিষ্ঠানের শূন্য পদ এবং সৃজনকৃত পদে ২০১১ সালে ২য় শ্রেণী হতে ১ম শ্রেণীতে ১০১ জনকে চলতি দায়িত্বে পদায়ন করা হয়, তার মধ্যে ৯৭% মহিলা কর্মকর্তা।
<p>৪. দক্ষ নার্স তৈরী করতঃ বিদেশে কর্মসংস্থান করে বৈদেশিক মুদ্রা অর্জনের মাধ্যমে দেশের আর্থ-সামাজিক অবস্থা উন্নয়নে সহযোগিতা করা।</p>	<ul style="list-style-type: none"> ■ নার্সদের বিদেশি ভাষার (ইংরেজী) উপর প্রশিক্ষণ প্রদানের কার্যক্রম ইতোমধ্যে শুরু করা হয়েছে, যা জুন, ২০১৬ পর্যন্ত ধারাবাহিকভাবে চলবে। ■ নার্সদের দক্ষ জনশক্তি হিসাবে গড়ে তোলার লক্ষ্যে ২৫ জনকে পিএইচডি, ২০০ জনকে এমএসসি এবং বিভিন্ন বিষয়ের উপর স্পেশালাইজেশন কোর্স করার জন্য ২১০ জন নার্সকে ওভারসিস প্রশিক্ষণের জন্য দেশের বাইরে প্রেরণ করা হচ্ছে। ■ চিকিৎসা সংক্রান্ত আধুনিক প্রযুক্তি ব্যবহারে দক্ষতা অর্জনের জন্য উন্নত চিকিৎসা সেবা ব্যবস্থায় সম্পৃক্ততা বৃদ্ধির লক্ষ্যে ১৮৭ জন নার্সকে উন্নত দেশে প্রশিক্ষণের জন্য প্রেরণ করা হয়েছে।
<p>৫. নতুন নার্সিং কলেজ এবং নার্সিং ইনস্টিটিউট নির্মাণের পরিকল্পনা।</p>	<ul style="list-style-type: none"> ■ ২০১৬ নাগাদ দেশে রেজিস্টার্ড নার্সের সংখ্যা ৪০,০০০ এ উন্নীত করার লক্ষ্যে নতুন করে ১১টি নার্সিং ইনস্টিটিউট, ০৬টি নার্সিং কলেজ নির্মাণ করাসহ বিদ্যমান ১৫টি নার্সিং ইনস্টিটিউটকে নার্সিং কলেজ রূপান্তর করার পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।

২০১০-২০১১ ও ২০১১-২০১২ অর্থ বছরের বাজেট বরাদ্দ (অনুন্নয়ন ও উন্নয়ন) ও ব্যয়ঃ

(লক্ষ টাকায়)

বছর	বরাদ্দ			ব্যয়		
	রাজস্ব	উন্নয়ন	মোট	রাজস্ব	উন্নয়ন	মোট
২০১০-২০১১	৩,৪১৩.০০	২,১১৬.০০	৫,৫২৯.০০	৩,২৭৩.২১	১,৬৯৫.০২	৪,৯৬৮.২৩
২০১১-২০১২	৩,৭০৯.৮০	৫,০০০.০০	৮,৭০৯.৮০	৩,৫৫০.০০	২,৮৫২.১৭	৬,৪০২.১৭
মোট	৭,১২২.৮০	৭,১১৬.০০	১,৪২৩.৮০	৬,৮২৩.২১	৪,৫৪৭.১৯	১১,৩৭০.৪০

কর্ম সম্পাদন প্রতিবেদনঃ

ক) ২০১০-১১ অর্থ বছরের অগ্রগতিঃ

- ❖ ২০১০-১১ অর্থ বৎসর হতে নব নির্মিত ১২টি ইনস্টিটিউটে (নীলফামারী, নওগাঁ, মাদারীপুর, গোপালগঞ্জ, বরগুনা, হবিগঞ্জ, পিরোজপুর, ঝিনাইদহ, জামালপুর, চাঁদপুর, পঞ্চগড় ও কিশোরগঞ্জ) এ ৩০ জন করে মোট ৩৬০ জন ছাত্র-ছাত্রী ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি কোর্সে ভর্তি করা শুরু হয়েছে। ফলে সেবা পরিদপ্তরের অধীনে বিদ্যমান ৪৩টি নার্সিং ইনস্টিটিউটে প্রতি বছর সর্বমোট ১৫৭০ জন ছাত্র-ছাত্রী ০৩ বছর মেয়াদি ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি কোর্সে ভর্তি হওয়ার সুযোগ পাচ্ছে।
- ❖ সেবার মান অধিকতর উন্নয়নে স্নাতকধারী নার্সদের সংখ্যা বৃদ্ধির লক্ষ্যে নার্সিং ইনস্টিটিউট থেকে নার্সিং কলেজে উন্নীত ০৪টি নার্সিং কলেজে (ঢাকা, রাজশাহী, চট্টগ্রাম ও ময়মনসিংহ) ২০০৭-০৮ শিক্ষা বছর থেকে এবং পরবর্তীতে নার্সিং কলেজে উন্নীত ০৩টি নার্সিং কলেজে (রংপুর, সিলেট ও বরিশাল) এ গত ২০১০-১১ শিক্ষা বছর হতে প্রতি কলেজে ১০০ জন করে মোট ৭০০ জন ০৪ বছর মেয়াদি বিএসসি ইন নার্সিং কোর্সে ভর্তির সুযোগ পাচ্ছে।
- ❖ দেশে নার্স ব্যবস্থাপক, নার্স প্রশাসক এবং নার্স শিক্ষক এর চাহিদা মোটানোর জন্য ০৩টি পোস্ট বেসিক নার্সিং কলেজ (খুলনা, বগুড়া ও ফৌজদারহাট-চট্টগ্রাম) নির্মাণ শেষে ২০১০-১১ শিক্ষা বর্ষ হতে প্রতি বছর বগুড়া ও ফৌজদারহাট নার্সিং কলেজে ০২বছর মেয়াদি পোস্ট বিএসসি ইন নার্সিং ও বিএসসি ইন পাবলিক হেলথ নার্সিং কোর্সে ২৫০ সিটে নার্স ভর্তি শুরু করা হয়েছে। ১৯৭৭ সালে প্রতিষ্ঠিত মহাখালীস্থ কলেজ অব নার্সিং এর ১২৫ সিট মিলিয়ে ৩৭৫ সিটে পোস্ট বিএসসি ইন নার্সিং ও বিএসসি ইন পাবলিক হেলথ নার্সিং কোর্সে স্নাতক ডিগ্রী গ্রহণের সুযোগ বৃদ্ধি করা হয়েছে।
- ❖ ০৩টি নার্সিং কলেজে এবং ১২টি নার্সিং ইনস্টিটিউটে শিক্ষকদের ৯৬টি প্রথম শ্রেণীর পদ এবং ৬০টি দ্বিতীয় শ্রেণীর পদ সৃজন করা হয়েছে।
- ❖ বিভিন্ন হাসপাতালের শূণ্য পদে ১৭৪৭ জনকে নিয়োগ দেয়া হয়েছে।
- ❖ ১৯৯৮, ১৯৯৯ ও ২০০০ সালে রাজস্বখাতে অস্থায়ীভাবে সৃজিত ৪০০০ সিনিয়র স্টাফ নার্সের পদ রাজস্বখাতে স্থায়ী করা হয়েছে।
- ❖ বিভিন্ন হাসপাতালে ০৯ টি সেবা তত্ত্বাবধায়ক, ০৭টি উপ-সেবা তত্ত্বাবধায়ক, ০৪টি পাবলিক হেলথ নার্স, ৪৮টি নার্সিং সুপারভাইজার, ৫৩৭টি সিনিয়র স্টাফ নার্সের পদসহ মোট ৬০৫টি পদ সৃজন করা হয়েছে।

- ❖ ৪৩টি নার্সিং ইনস্টিটিউট এবং ১১টি নার্সিং কলেজের জন্য ২০১০-১১ অর্থ বছরে ৪০০ কম্পিউটার, ৫০টি মাইক্রোসকোপ, ০৫টি মাল্টিমিডিয়া প্রজেক্টর, ৪৪টি রেফ্রিজারেটর, ১৪টি মাইক্রোবাস ও অন্যান্য যন্ত্রপাতি এবং উন্নত বিশ্বের বই সরবরাহ করা হয়েছে।
- ❖ ১০ জন নার্সকে এমএসসি ইন নার্সিং কোর্সে অধ্যয়নের জন্য বিদেশে প্রেরণ করা হয়েছে।
- ❖ ২২ জন কর্মকর্তাকে স্টাডি ভিজিটে থাইল্যান্ড, মালয়েশিয়া, ইন্দোনেশিয়া ও ফিলিপাইন প্রেরণ করা হয়েছে।
- ❖ ৬২ জন নার্সকে উত্তম কাজের স্বীকৃতি স্বরূপ পুরস্কারের জন্য নির্বাচিত করে নগদ অর্থ পুরস্কার হিসেবে প্রদান করা হয়েছে এবং স্বর্ণপদক প্রদানের জন্য মেডেল তৈরী করা হয়েছে, যা পরবর্তীতে সরকার কর্তৃক নির্ধারিত একটি অনুষ্ঠানের মাধ্যমে প্রদান করা হবে।

খ) ২০১১-১২ অর্থ বছরের অগ্রগতিঃ

- ❖ সেবা পরিদপ্তরের আওতাধীনে কর্মরত ডিপ্লোমা নার্সদের ৩য় শ্রেণী থেকে ২য় শ্রেণীতে উন্নীত করা হয়েছে।
- ❖ ইভিডেন্স বেইজড নার্সিং বিষয়ে ২৩ ব্যাচে ৬৯০ জন নার্সকে স্থানীয় প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।
- ❖ ০৪ ব্যাচে ১৬০ জন নার্সকে ইংরেজী ভাষা শিক্ষায় স্থানীয় প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।
- ❖ ০৮ ব্যাচে ২৪০ জন নার্সকে বিসিসি, Code of Conduct এবং Nursing Ethics এর উপর স্থানীয় প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।
- ❖ ০৬ মাস মেয়াদি Certified course on midwifery এর উপর ৬০ জন নার্সিং শিক্ষককে TOT প্রদান করা হয়েছে।
- ❖ ১৭৪ জন নার্সকে ০৬ মাস মেয়াদি Certified course on midwifery এর উপর স্থানীয় প্রশিক্ষণ প্রদান শেষ করা হয়েছে এবং ২৫৯ জনের স্থানীয় প্রশিক্ষণ শুরু করা হয়েছে।
- ❖ ১৩ জন নার্সকে এমএসসি ইন নার্সিং কোর্সে অধ্যয়নের জন্য বিদেশে প্রেরণ করা হয়েছে।
- ❖ ০৫ জন নার্সকে পিএইচডি ইন নার্সিং কোর্সে অধ্যয়নের জন্য বিদেশে প্রেরণ করা হয়েছে।
- ❖ ১২০ জন নার্সকে স্পেশালাইজেশন কোর্সে (আইসিইউ-৮০, অনকোলোজি নার্সিং-২০, কার্ডিয়াক নার্সিং-১০, কিডনি ট্রান্সপ্লান্ট-১০, ক্যাথ ল্যাব-১০, কার্ডিয়াক ল্যাব নার্সিং-১০, জেরিয়াট্রিক নার্সিং-১০ এবং ডিজাস্টার ম্যানেজমেন্ট-১০) বিদেশে প্রেরণ করা হয়েছে।
- ❖ ০৫ ডিভিশনে ০৫টি এডুকেশনাল এন্ড প্রাকটিস নেটওয়ার্কিং মিটিং করা হয়েছে।
- ❖ ৪৩টি নার্সিং ইনস্টিটিউট ও ১১টি নার্সিং কলেজের জন্য ৪০টি ফটোকপিয়ার, ২০টি স্ক্যানার, ৪০টি ইলেকট্রিক মিটার, ১০০টি সাকার, ৭০টি এয়ার কন্ডিশনার, ১২৭টি মাল্টিমিডিয়া প্রজেক্টর, ১০৭টি ওভারহেড প্রজেক্টর ক্রয় করা হয়েছে।
- ❖ ৬২ জন নার্সকে উত্তম কাজের স্বীকৃতি স্বরূপ পুরস্কারের জন্য নির্বাচিত করে নগদ অর্থ পুরস্কার হিসেবে প্রদান করা হয়েছে এবং স্বর্ণপদক প্রদানের জন্য মেডেল তৈরী করা হয়েছে, যা পরবর্তীতে সরকার কর্তৃক নির্ধারিত একটি অনুষ্ঠানের মাধ্যমে প্রদান করা হবে।

ভবিষ্যত পরিকল্পনাঃ

ক) স্বল্প মেয়াদি কার্যাবলীঃ

ক্রমিক নং	বিষয়	উদ্দেশ্য ও লক্ষ্য	সম্ভাব্য ফলাফল
১	২	৩	৪
১.	প্রতি বছর ২০০ জন নার্সকে ইংরেজী ভাষা শিক্ষার জন্য প্রশিক্ষণ প্রদান	নার্সদের ইংরেজী ভাষায় অধিক দক্ষ করে তোলা	বিদেশে নার্সদের কর্মসংস্থান করা সহজ হবে
২.	নব নিয়োগকৃত সিনিয়র স্টাফ নার্সকে ওরিয়েন্টেশন প্রদান	সঠিকভাবে রোগীর পরিচর্যা করা	হাসপাতালে রোগীর পরিচর্যার মান উন্নীত হবে
৩.	প্রতি বছর ১৫০ জন নার্সকে স্থানীয়ভাবে বিভিন্ন বিষয়ে স্পেশালাইজেশন প্রশিক্ষণ প্রদান করা	বিভিন্ন বিশেষায়িত হাসপাতালে রোগীদের উন্নত সেবা প্রদান করা	বিশেষায়িত হাসপাতালে রোগীরা উন্নত সেবা পাবে
৪.	প্রতি বছর ১০০ জন নার্স শিক্ষককে কম্পিউটার প্রশিক্ষণ প্রদান করা	নার্সদের কম্পিউটার-এ অভিজ্ঞ করা	ছাত্র-ছাত্রীদের কম্পিউটার বিষয়ে প্রশিক্ষণ তাদের দক্ষতা বৃদ্ধি করবে
৫.	প্রতি বছর ২৫০ জন নার্সকে ধাত্রীবিদ্যার উপর প্রশিক্ষণ প্রদান	অভিজ্ঞ ধাত্রী শিক্ষক তৈরি	দেশে অভিজ্ঞ ধাত্রীবিদ্যা প্রশিক্ষক তৈরি হবে
৬.	উন্নত দেশের নার্সিং কারিকুলাম ও সেবা কার্যক্রম দেখার জন্য ৩৩ জন কর্মকর্তাকে স্টাডি ভিজিটে উন্নত দেশে প্রেরণ করা	উন্নত শিক্ষা কার্যক্রম প্রচলন করা	উন্নত কারিকুলাম ও উন্নত সেবা কার্যক্রম প্রচলন করা সম্ভব হবে
খ) দীর্ঘমেয়াদে (০১ বছরের মধ্যে) সমাপ্য			
৭.	০৭ টি হাসপাতালে মডেল ওয়ার্ড প্রতিষ্ঠা	হাসপাতালে স্বাস্থ্য সেবার মান অধিকতর উন্নয়ন করা	হাসপাতালে উন্নত স্বাস্থ্যসেবা বৃদ্ধি পাবে
৮.	বাংলাদেশে নার্সিং শিক্ষার মান উন্নয়নে অভিজ্ঞ শিক্ষক তৈরির জন্য বিদেশ থেকে ২০ জন নার্সকে এমএসসি করানো হবে	নার্সিং এ অভিজ্ঞ শিক্ষক তৈরি করা	অভিজ্ঞ শিক্ষকের সংখ্যা এবং শিক্ষার মান বৃদ্ধি পাবে
০৯.	দেশে অভিজ্ঞ নার্সদের সংখ্যা বৃদ্ধির জন্য সরকারি নার্সিং ইনস্টিটিউটের সংখ্যা বৃদ্ধি করা	দেশে নার্সদের সংখ্যা বৃদ্ধি করার লক্ষ্যে পর্যাপ্ত অবকাঠামো বৃদ্ধি	দেশে অভিজ্ঞ নার্সের সংখ্যা বৃদ্ধি পাবে

ক্রমিক নং	বিষয়	উদ্দেশ্য ও লক্ষ্য	সম্ভাব্য ফলাফল
১	২	৩	৪
১০.	দেশে সরকারি নার্সিং কলেজের সংখ্যা বৃদ্ধি করা	দেশে গ্রাজুয়েট নার্সদের সংখ্যা বৃদ্ধির লক্ষ্যে অবকাঠামো বৃদ্ধি পাবে	দেশে অভিজ্ঞ বিএসসি নার্সের সংখ্যা বৃদ্ধি পাবে
১১.	দেশে রেজিস্টার্ড নার্সের সংখ্যা বৃদ্ধি করা	দেশে ও বিদেশের চাহিদা মেটানো	দেশে রেজিস্টার্ড নার্সের সংখ্যা বৃদ্ধি করে দেশ ও বিদেশে নার্সদের চাহিদা পূরণ করার সুযোগ বৃদ্ধি পাবে
গ) আগামী তিন বছরের পরিকল্পনা			
১২.	৪৩টি নার্সিং ইনস্টিটিউট ও ১২টি নার্সিং কলেজে কম্পিউটার ল্যাব ও ল্যাংগুয়েজ ল্যাব প্রতিষ্ঠা করা	নার্সদের ইংরেজী ভাষায় ও কম্পিউটার ব্যবহারে দক্ষ করে তোলা	সংশ্লিষ্ট নার্সগণ উন্নত বিশ্বের ন্যায় সেবা কার্যক্রমে অভিজ্ঞ হবে
১৩.	আগামী ০৩ বছরের মধ্যে (পরবর্তী হেলথ সেক্টর কর্মসূচির মাধ্যমে) ১৫টি নতুন নার্সিং ইনস্টিটিউট (মানিকগঞ্জ, গাজীপুর, নারায়ণগঞ্জ, লালমনিরহাট, মেহেরপুর, নরসিংদি, শরিয়তপুর, নাটোর, গাইবান্ধা, বান্দরবন, খাগড়াছড়ি, লক্ষ্মীপুর, নড়াইল, সুনামগঞ্জ ও ঝালকাঠি) নির্মাণের পরিকল্পনা করা হয়েছে	দেশে রেজিস্টার্ড নার্সের সংখ্যা বৃদ্ধি করা	নার্স সংকট হ্রাসের মাধ্যমে স্বাস্থ্য সেবা বৃদ্ধি পাবে
১৪.	আগামী ০৫ বছরের মধ্যে (পরবর্তী হেলথ সেক্টর কর্মসূচির মাধ্যমে) ১৮টি নার্সিং ইনস্টিটিউট (টাংগাইল, ফরিদপুর, গোপালগঞ্জ, জামালপুর, দিনাজপুর, পাবনা, কুড়িগ্রাম, নীলফামারী, কুমিল্লা, রাঙামাটি, নোয়াখালী, কক্সবাজার, বাগেরহাট, কুষ্টিয়া, যশোর, সাতক্ষীরা, হবিগঞ্জ ও	দেশে রেজিস্টার্ড গ্রাজুয়েট নার্সের সংখ্যা বৃদ্ধি করা	নার্স সংকট হ্রাসের মাধ্যমে স্বাস্থ্যসেবা বৃদ্ধি পাবে

ক্রমিক নং	বিষয়	উদ্দেশ্য ও লক্ষ্য	সম্ভাব্য ফলাফল
১	২	৩	৪
	পটুয়াখালী) কে নার্সিং কলেজে রূপান্তর করা হবে		
১৫.	শেরেবাংলাগর, ঢাকা ও সিলেটে ০১টি করে মোট ০২টি নতুন নার্সিং কলেজ নির্মাণ করা এবং ২০১৪ সালে দেশে এমএসসি ইন নার্সিং কোর্স চালু করা	দেশে রেজিস্টার্ড নার্সের সংখ্যা বৃদ্ধি করা এবং দেশে নার্সিং এ এমএসসি কোর্স চালু করা।	নার্স সংকট হ্রাসের মাধ্যমে স্বাস্থ্যসেবা বৃদ্ধি পাবে
১৬.	আগামী ০৪ বছরে প্রতি বছর ৫০ জন করে মোট মোট ২০০ জন নার্সকে এমএসসি ইন নার্সিং কোর্সে এবং প্রতি বছর ০৫ জন করে মোট ২০ জন নার্সকে পিএইচডি ইন নার্সিং কোর্সে অধ্যয়নের জন্য বিদেশ প্রেরণ করা হবে	দেশে অভিজ্ঞ নার্সের শূন্যতা লাঘব করা	বিশেষায়িত নার্সিং সেবার সুযোগ সৃষ্টি হবে
১৭.	রিসার্চ কাউন্সিল গঠন করা	গবেষণার মাধ্যমে প্রাপ্ত ফলাফল উন্নত স্বাস্থ্যসেবা ব্যবস্থাপনায় প্রয়োগ করা	স্বাস্থ্যসেবার মান উন্নত হবে।